গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বুড়িচং, কুমিল্লা
www.burichang.comilla.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪২.১৯১৮.০০০.৩১.০০২.২১-৪২১ তারিখঃ০৮.০৭.২০২১ খ্রি.

**পবিত্র ইদ-উল-আযহা, ২০২১ উপলক্ষ্যে গবাদি পশুর অস্থায়ী হাট ইজারা প্রদান দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা এর ০৮.০৭.২০২১ তারিখের ০৫.৪২.১৯০০.০০৯.৪১.০১৩.১৭.৫২ নং স্মারকের সিদ্ধান্ত মোতাবেক বুড়িচং উপজেলাধীন গবাদি পশুর নিম্নলিখিত অস্থায়ী হাট-বাজারসমূহ ২০২১ খ্রিস্টাব্দের জন্য ( ইদের চাঁদ দেখার পর হতে ইদের পূর্বদিন পর্যন্ত অনুর্ধ্ব ০২ দিন) ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে ইচ্ছুক দরদাতাদের নিকট হতে নিম্নলিখিত সময়সূচি ও শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। ইজারা গ্রহণে আগ্রহী/ইচ্ছুক ব্যক্তিগণ জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বুড়িচং, কুমিল্লা, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বুড়িচং, কুমিল্লা, বুড়িচং থানা, কুমিল্লা ও ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বুড়িচং শাখা, কুমিল্লা হতে নিম্নলিখিত সময়সূচি মোতাবেক দরপত্রের সিডিউল ক্রয় (অফেরতযোগ্য) করতে পারবেন এবং জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা, পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বুড়িচং, কুমিল্লা ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, বুড়িচং, কুমিল্লায় নির্দিষ্ট সময়ে দরপত্র দাখিল করতে পারবেন।

**সময়সূচিঃ**

| পর্যায় | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|
| ১ম | ১২.০৭.২০২১ খ্রি.<br>বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত | ১৩.০৭.২০২১ খ্রি.<br>দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | দরপত্র দাখিলের দিনই বিকাল ০৩.০০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা ও বাছাই করা হবে। |
| ২য় | ১৪.০৭.২০২১ খ্রি.<br>বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত | ১৫.০৭.২০২১ খ্রি.<br>দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | |

উপরে উল্লিখিত প্রতি পর্যায়ের পর দরপত্র যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন করে হাট-বাজার ইজারা প্রদান করা হবে। প্রতি পর্যায়ের শেষে যে সকল হাট-বাজার ইজারা প্রদান করা সম্ভব হবে না (নিম্নস্বাক্ষরকারীর অফিস ও নোটিশ বোর্ডের মাধ্যমে জানা যাবে) সে সকল হাট-বাজার ইজারার ক্ষেত্রে পরবর্তী পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হইতে জানা যাবে।

**৩। পবিত্র ইদ-উল-আযহা, ২০২১ উপলক্ষ্যে কুমিল্লা জেলার বুড়িচং উপজেলার অস্থায়ী গবাদী পশুর হাটসমুহের ২০২১ সনে দরপত্রের মূল্য ও বাজারের কাঙ্খিত মূল্যের তালিকা নিম্নরূপঃ**

| ক্রম | বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | শংকুচাইল গবাদী পশুর অস্থায়ী হাট | রাজাপুর | ২১,৯০৮/- | ৫০০/- | |
| ২. | দক্ষিণগ্রাম গবাদি পশুর অস্থায়ী হাট | রাজাপুর | ৯৩,২৮০/- | ৫০০/- | |
| ৩. | বারেশ্বর গবাদি পশুর অস্থায়ী হাট | রাজাপুর | ৩,০০০/- | ৫০০/- | |
| ৪. | কালিকাপুর গবাদি পশুর অস্থায়ী হাট | বাকশীমূল | ১০,৮৬৭/- | ৫০০/- | |
| ৫. | ফকির বাজার সংলগ্ন গবাদি পশুর অস্থায়ী হাট | বাকশীমূল | ৪,৮৭,৭২১/- | ১৬০০/- | |
| ৬. | বাকশীমুল গবাদি পশুর অস্থায়ী হাট | বাকশীমূল | ৩,৭১০/- | ৫০০/- | |
| ৭. | বুড়িচং গবাদি পশুর অস্থায়ী হাট | বুড়িচং | ১,৩৬,২৯৫/- | ১০০০/- | |
| ৮. | পূর্ণমতি গবাদি পশুর অস্থায়ী হাট | বুড়িচং | ১৪,৭৭২/- | ৫০০/- | |
| ৯. | খাড়াতাইয়া নতুন বাজার সংলগ্ন গবাদি পশুর অস্থায়ী হাট | ষোলনল | ৮৮,৮৪০/- | ৫০০/- | |
| ১০. | পয়াত গবাদি পশুর অস্থায়ী হাট | ষোলনল | ৮৪৮/- | ৫০০/- | |
| ১১. | পূর্বহড়া গবাদি পশুর অস্থায়ী হাট | ষোলনল | ৭,৬৮৬/- | ৫০০/- | |
| ১২. | ষোলনল বাবুর বাজার গবাদি পশুর অস্থায়ী হাট | ষোলনল | ১,২৬,৪৮২/- | ১০০০/- | |
| ১৩. | কামারখাড়া ব্রীজ সংলগ্ন গবাদি পশুর অস্থায়ী হাট | ষোলনল | ২৫,৩০৩/- | ৫০০/- | |
| ১৪. | গোবিন্দপুর গবাদি পশুর অস্থায়ী হাট | পীরযাত্রাপুর | ২৬,৪০৫/- | ৫০০/- | |
| ১৫. | সাদকপুর গবাদি পশুর অস্থায়ী হাট | পীরযাত্রাপুর | ৬,০৪৩/- | ৫০০/- | |
| ১৬. | কন্ঠনগর গবাদি পশুর অস্থায়ী হাট | পীরযাত্রাপুর | ২৮,৬৮২/- | ৫০০/- | |
| ১৭. | কালাকচুয়া গবাদি পশুর অস্থায়ী হাট | ময়নামতি | ১,১৫৩/- | ৫০০/- | |
| ১৮. | কোরপাই গবাদি পশুর অস্থায়ী হাট | মোকাম | ৪,৫৩১/- | ৫০০/- | |
| ১৯. | নিমসার গবাদি পশুর অস্থায়ী হাট | মোকাম | ১,৭৪,৯০০/- | ১০০০/- | |
| ২০. | পরিহলপাড়া গবাদি পশুর অস্থায়ী হাট | মোকাম | ১,১২৩/- | ৫০০/- | |
| ২১. | আবিদপুর গবাদি পশুর অস্থায়ী হাট | মোকাম | ২,৫৪৪/- | ৫০০/- | |
| ২২. | কংশনগর গবাদি পশুর অস্থায়ী হাট | ভারেল্লা (উঃ) | ৩,৯১,৮২৫/- | ১৪০০/- | |
| ২৩. | পারুয়ারা গবাদি পশুর অস্থায়ী হাট | ভারেল্লা (উঃ) | ১,২৭২/- | ৫০০/- | |

৪। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের সমুদয় অর্থ (সর্বমোট ১২৫%) যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা বরাবর দাখিল করতে হবে। দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট, ৫% আয়কর ও ৫% জামানত দরপত্রের সঙ্গে একই সাথে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করতে হবে।

০৮/০৭/২১

মোছাম্মৎ সাবিনা ইয়াছমিন
উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা।

## শর্তাবলী

০১. প্রতিটি হাটের প্রবেশপথে **"মাস্ক ব্যতীত হাটে প্রবেশ নিষেধ"** এবং "**No Mask, No Entry & No Mask, No Sale**" –এ লেখাটি ব্যানারে লিখে প্রয়োজনীয় সংখ্যক স্থানে সাঁটানোর ব্যবস্থা গ্রহণপূর্বক ব্যপক প্রচারণাসহ উপস্থিত সকলকে মাস্ক পরিধানের বিষয়টি নিশ্চিত করতে হবে ;

০২. কোরবানীর পশুর হাট ব্যবস্থাপনা এবং পশু কোরবানীকালীন স্বাস্থ্য বিভাগ প্রণীত গাইডলাইন যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে ;

০৩. সড়ক/মহাসড়কের ওপর বা সন্নিকটে কোন ক্রমেই পশুর হাট বসানো যাবে না। এ নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে ;

০৪. কোরবানীর পশুর হাটে ক্রেতা-বিক্রেতার একমুখী চলাচল থাকতে হবে। অর্থ্যাৎ প্রবেশপথ এবং বহির্গমনের পথ পৃথক হতে হবে। পাশাপাশি সকলে যাতে স্বাস্থ্যবিধি অনুসরণ করে, তা নিশ্চিত করতে হবে। ক্রেতা-বিক্রেতা প্রত্যেকের হাটের প্রবেশ মুখে তাপমাত্রা মাপার যন্ত্র এবং হাত ধোয়ার জন্য পর্যাপ্ত বেসিন, পানি, জীবাণুনাশক সাবান থাকতে হবে ;

০৫. পশুর হাটে প্রবেশকারী সকলকে সামাজিক দূরত্ব অনুযায়ী সুশৃঙ্খলভাবে লাইনে দাঁড়ানো, ভিতরে সাড়িবদ্ধভাবে সামাজিক দূরত্ব বজায় রেখে প্রবেশ ও বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে। ভীড় এড়াতে পবিত্র ঈদ উল আযহার ২/১ দিন পূর্বে পশু ক্রয়ের পরিবর্তে সময় হাতে রেখে পশু ক্রয়কে উৎসাহিত করতে হবে। পশুর হাটে পশুর ও ক্রেতার মধ্যে দূরত্ব বজায় রাখা নিশ্চিত করতে হবে। বৃদ্ধ ও শিশুদেরকে পশুর হাটে প্রবেশ নিরুৎসাহিত করতে হবে।

০৬. অস্থায়ী পশুর হাট স্থাপন বা ইজারা প্রদান বা মালিকানার বিষয়ে বিজ্ঞ আদালতে কোন মামলা মোকদ্দমা সংক্রান্ত আইনগত জটিলতা থাকলে বিজ্ঞ আদালতের সর্বশেষ আদেশ বাস্তবায়ন করতে হবে ;

০৭. কোভিড-১৯ এর ডেল্টা ভ্যারিয়েন্ট এর সংক্রমণ প্রতিরোধে বাংলাদেশের সীমান্তবর্তী সকল স্থানে অবৈধভাবে ভারতীয় গরুর ক্রয়-বিক্রয় এবং জনচলাচল কঠোরভাবে নিয়ন্ত্রণ করা এবং পশুর হাটসমূহে নগদ টাকার লেনদেন হওয়ায় হাটসমূহে ক্রেতা বিক্রেতাগণকে প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান করতে হবে ;

০৮. কোভিড-১৯ মহামারীর মধ্যে পশুর হাটে আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করার লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য টিভিসি প্রচার অব্যাহত রাখতে হবে ;

০৯. সকল পশুর হাটে পশুর সুস্থতা যাচাই করার জন্য ভেটেরিনারি চিকিৎসক/সার্জন এর অবস্থান নিশ্চিত করা এবং কোরবানীর পশুর হাটে জাল নোট সনাক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

মোছাম্মৎ সাবিনা ইয়াছমিন
উপজেলা নির্বাহী অফিসার
বুড়িচং, কুমিল্লা।